দৈনিক সংবাদ

27

তারিখ 01 MAR 1996
পৃষ্ঠা ৬ কলাম ৭

# বিসিএস পরীক্ষার্থীদের বিক্ষোভ, বৈষম্যমূলক সিদ্ধান্ত প্রত্যাহার দাবি

(নিজস্ব বার্তা পরিবেশক)

বিসিএস পরীক্ষার চট্টগ্রাম কেন্দ্রের পরীক্ষা স্থগিত ঘোষণা করে পরে অনুষ্ঠানের সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে ঢাকা কেন্দ্রের শতাধিক বিসিএস পরীক্ষার্থী সরকারি কর্মকমিশনের এই সিদ্ধান্তকে বৈষম্যমূলক হিসেবে চিহ্নিত করে গতকাল বৃহস্পতিবার গভীর রাতে রাজধানীতে বিক্ষোভ মিছিল করে। বিক্ষোভকারী বিসিএস পরীক্ষার্থীরা সংবাদসহ বিভিন্ন পত্রিকা অফিসে গিয়ে হাজির হয়। তাদের অভিযোগ : একই পরীক্ষা দু'দফায়, দুই প্রশ্নপত্রের মাধ্যমে অনুষ্ঠিত হলে মান যাচাইয়ের ক্ষেত্রে বৈষম্যের সৃষ্টি হবে। তারা জানায়, এ ব্যাপারে তারা ইতিমধ্যে সরকারি কর্মকমিশনের চেয়ারম্যান অধ্যাপক ফায়েজের সাথে দেখা করে প্রতিবাদ জানিয়ে এসেছেন। ছাত্রদের দাবি, পরীক্ষা পরে নিতে হলে সব কেন্দ্রের পরীক্ষাই পিছিয়ে এক সময়ে নেয়া যুক্তিসঙ্গত হবে।